গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জাতীয় রাজস্ব বোর্ড

# ই চালান ও ই পেমেন্ট

বাংলাদেশ আয়কর

# এ চালান এ আয়কর

এ চালান



## অটোমেটেড চালান (এ-চালান) সিস্টেম কি?




এ-চালান সিস্টেম একটি ইন্টারনেট/ওয়েব ভিত্তিক Payment gateway যার মাধ্যমে সরকারি রাজস্ব সরাসরি ট্রেজারীতে (Treasury Single Account) জমা প্রদান এবং স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুতকৃত চালান তাৎক্ষণিকভাবে গ্রহণ করা যায়।



## এ-চালান সিস্টেম এর উদ্দেশ্য

- সরকারি কোষাগারে সরকারের রাজস্ব তাৎক্ষণিকভাবে জমাকরণ।
- ভূয়া (Fake) চালান রোধকরণ।
- বাংলাদেশ ব্যাংক এবং হিসাবরক্ষণ কার্যালয়ের সাথে স্বয়ংক্রিয়ভাবে সংগতিসাধন (Reconciliation) নিশ্চিতকরণ।
- যে কোন সময় যে কোন জায়গা থেকে সরকারের রাজস্ব জমা দেওয়ার জন্য নাগরিক-বান্ধব অনলাইন সিস্টেম নিশ্চিতকরণ।
- প্রতিদিন সরকারের প্রকৃত ব্যালেন্স জানা এবং ব্যাংক থেকে অপ্রয়োজনীয় ঋণ গ্রহণ এড়িয়ে চলা।
- সরকারের রাজস্ব বাড়ানো এবং আর্থিক খাতে শৃঙ্খলা প্রতিষ্ঠা করা।

## এ-চালান প্রসেস ফ্লো ডায়াগ্রাম



- প্রথমে https://ibas.finance.gov.bd/acs/account/login এই লিংকে যান
- এখানে ক্লিক করুনঃ
- পরবর্তী পেইজে যাবার পর এনিবআর এর জমা হতে আয়কর সিলেক্ট করুন





এখানে ক্লিক করে কোনো রকম রেজিস্ট্রেশন ছাড়া চালান এন্ট্রি করা যাবে





- প্রয়োজনীয় তথ্যাদি যেমনঃ TIN, করবর্ষ, আয়করের ধারা, টাকার পরিমাণ ইত্যাদি পূরণ করে OK ক্লিক করুন
- পরবর্তী পেইজে তথ্যাদি যাচাই করুনঃ
- পেমেন্ট অপশন সিলেক্ট করুনঃ
  ১। অনলাইন ব্যাংকিং
  ২। ব্যাংক কাউন্টারে জমা
- Save বাটেন ক্লিক করে পেমেন্ট অপশন অনুযায়ী কর পরিশোধ করুন






## এ-চালান সিস্টেমে ব্যাংক কাউন্টারে জমার পদ্ধতি

- গ্রাহক যেকোন তফসিলী ব্যাংকের যেকোন শাখায় টাকা জমা দিতে পারবে
- ব্যাংকের কর্মকর্তা এ-চালান সিস্টেমে লগইন করে গ্রাহকের প্রয়োজনীয় তথ্য এন্ট্রি দিয়ে পেমেন্ট গ্রহণ করবে
- নগদ/চেক এর মাধ্যমে পরিশোধ করা যাবে
- পেমেন্ট সম্পন্নের পর তাৎক্ষনিকভাবে সিস্টেম থেকে চালান পাওয়া যাবে
- গ্রাহকগণ অনলাইনে চালান এন্ট্রি দিয়ে ব্যাংক কাউন্টারে অর্থ জমা দিতে পারবে
- গ্রাহক বা চালান গ্রহণকারী সরকারি সংস্থা চাইলে এ-চালান সাইটে গিয়ে চালানের সত্যতা তাৎক্ষনিকভাবে যাচাই করতে পারবে



## এ-চালান সিস্টেমে অনলাইনে জমার পদ্ধতি

- অনলাইনে নিজের প্রয়োজনীয় তথ্য সিস্টেমে ইনপুট দিয়ে পেমেন্ট সম্পন্ন করে গ্রাহক তাৎক্ষকিণভাবে চালান গ্রহণ করতে পারবে
- এ ক্ষেত্রে ইন্টারনেট ব্যাংকিং, ডেবিট/ক্রেডিট কার্ড, বিকাশ/রকেট/নগদ/উপায় এর মাধ্যমে গ্রাহক অর্থ পরিশোধ করতে পারবে
- সরকারি সংস্থার ক্ষেত্রে (যেমনঃ এনবিআর ই-রিটার্ন, ইটিডিএস ইত্যাদি) নিজস্ব ওয়েভ সাইটে লগইন করার পর পেমেন্ট সম্পন্নের জন্য এ-চালান গেটওয়ে পাওয়া যাবে
- এক্ষেত্রে সরকারি সংস্থার নিজস্ব সিস্টেমে গ্রাহকের যাবতীয় তথ্য সংরক্ষিত থাকবে
- এ-চালান সিস্টেম হতে জমা সংক্রান্ত রিপোর্ট দেখা যাবে



এ চালান

Hotline 0255110546-55